



অগ্রণী ব্যাংক লিমিটেড  
ইনফরমেশন টেকনোলজি এন্ড এমআইএস ডিভিশন  
প্রধান কার্যালয়, ঢাকা।

**১. এসএমএস এলাটঃ** এসএম এলাট এর মাধ্যমে অত্র ব্যাংকের গ্রাহকদের লেনদেন করার পর এসএমএস এর মাধ্যমে গ্রাহকরা অবহিত হবে। এতে গ্রাহকগণ জালজালিয়াতি থেকে সচেতন হবে এছাড়াও ব্যাংক সার্ভিস প্রদানের প্রেক্ষিতে খাত হতে সার্ভিস চার্জ আদায় করা সাপেক্ষে মুনাফা বৃদ্ধি পাবে।

**২. মোবাইল এ্যাপসঃ** মোবাইল এ্যাপসের মাধ্যমে বিভিন্ন শাখার তথ্য জেলা, অঞ্চল, কর্পোরেট শাখা এবং প্রধান কার্যালয়সহ সকল শাখার আলাদা তালিকা (ফোন, মোবাইল, ঠিকানা, ইমেইল এ্যাড্রেস), ইজিপি শাখা, এটিএম, এজেন্ট ব্যাংকিং এর লোকেশন পাওয়া যায়। ব্যাংকের বিভিন্ন প্রোডাক্টের নামের তালিকা, সিটিজেন চার্টার, অঞ্চল, কর্পোরেট ও সার্কেল এর ঋনের তালিকাসহ এক্সচেঞ্জ হাউজ এর তালিকা ইত্যাদি অত্র ব্যাংকের গ্রাহকসহ বিভিন্ন পর্যায়ের নির্বাহী মনিটরিংসহ তথ্য সহজভাবে পেতে সম্ভব হবে।

**৩. পেনশন অটোমেশনঃ**

**(ক) অবসর প্রাপ্ত ব্যাংক নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের পেনশনঃ** অত্র ব্যাংকের চাকুরী হতে অবসরপ্রাপ্ত নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের অবসর গ্রহণের পর ছুটি, পেনশনে টাকা হিসাবায়নে সময় কালক্ষেপন হয়। ফলে নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণ পিআরএল শেষে বিভিন্ন বিষয়ের (যেমনঃ তীর্থ যাত্রা, চিকিৎসা, ছেলে-মেয়ের বিবাহ ইত্যাদি) জন্য অর্থের প্রয়োজন হয়। উক্ত কার্যক্রম স্বল্প সময়ে অটোমেশনের মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

**(খ) অবসর প্রাপ্ত সামরিক পেনশনঃ** অত্র ব্যাংকের বিভিন্ন শাখা থেকে অবসরপ্রাপ্ত সামরিক (সেনাবাহিনী পে-১, পে-২, বিমান বাহিনী ও নৌবাহিনী) কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রদান করা হয়ে থাকে এর ফলে শাখা হতে প্রদেয় অবসরপ্রাপ্ত সামরিক ভাতা প্রদান করা হলেও বিভিন্ন জটিলতার কারণে ব্যালেন্সিং, বিল দাখিল, কাটিং বিল, বাহিনীর নাম সঠিকভাবে উল্লেখ না করা, বিল নম্বর না ইত্যাদি কারণে এফসি অফিসে পুরঃভরনের জন্য দাখিল করা হলে উক্ত অফিস ফেরত প্রদান করে থাকে। অবসরপ্রাপ্ত সামরিক পেনশনারদের শাখা পর্যায়ে ওয়েব এ্যাপ্লিকেশন এর মাধ্যমে সকল শাখা, অঞ্চল, কর্পোরেটসহ প্রধান কার্যালয় থেকে সঠিকভাবে ভাতা প্রদান, হিসাবায়ন ও দাখিলকৃত বিল মনিটরিং করা সম্ভব হবে। বিগত দিনের ম্যানুয়াল পদ্ধতির জটিলতা নিরসন হবে।